দামুড়হুদায় প্রাথমিক শিক্ষা সপ্তাহ উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ

“শিশু বান্ধব শিক্ষা, স্মার্ট বাংলাদেশের দীক্ষা” এই শ্লোগান কে সামনে রেখে দামুড়হুদায় জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ-২০২৪ উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার বিকাল ৪টায় উপজেলা পরিষদের সভাকক্ষে।

দামুড়হুদা উপজেলা শিক্ষা অফিসের আয়োজনে উপজেলা শিক্ষা কর্মকর্তা মোঃ আবু হাসান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রী কলেজের অধ্যক্ষ মোঃ কামাল উদ্দিন।

বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নূরুন্নবী, উপজেলা শিক্ষা অফিসার আব্দুল মতিনসহ উপজেলার বিভিন্ন স্কুলের প্রধান শিক্ষক ও প্রধান শিক্ষিকা উপস্থিত ছিলেন।

পরে কোমলমতি শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মধ্য দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা সহকারী শিক্ষা অফিসার নাসির উদ্দিন।

ঝিনাইদহে স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল

রাষ্ট্রনায়ক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৪৪তম স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে ঝিনাইদহে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার (২৬ মে) দুপুরে শহরের ফ্যামেলী জোন কমিউনিটি সেন্টারে এ অনুষ্ঠানের আয়োজন করে ঝিনাইদহ সদর থানা যুবলীগ।

অনুষ্ঠানে সদর থানা যুবলীগের সদস্য মিজানুর রহমানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা যুবলীগ সদস্য ও সদর উপজেলা যুবলীগের সাবেক আহবায়ক শাহ্ মোঃ ইব্রাহিম খলিল রাজা।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ।

এছাড়াও সদর থানা যুবলীগ সদস্য মাহাদী হাসান নাজমুল, মধুহাটি ইউনিয়ন যুবলীগের সভাপতি আশরাফুল আলম, সাগান্না ইউনিয়ন যুবলীগের সভাপতি শেখ রুহুল আমীন, কালীচরনপুর ইউনিয়ন যুবলীগের আহবায়ক আরিফ মোল্লা, পোড়াহাটি ইউনিয়ন যুবলীগের আহবায়ক ফিরোজ উদ্দিন, কুমড়াবাড়িয়া ইউনিয়ন যুবলীগের সভাপতি আশিকুর রহমান লেন্টু সহ ১৭টি ইউনিয়নের যুবলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক উপস্থিত ছিলেন।

পরে ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই ও ৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনার এর মৃত্যুতে শোক প্রকাশ করে ১ মিনিট নিরবতা পালন করেন নেতা-কর্মীরা।

সিপিবি মেহেরপুরের উদ্যোগে মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত

মেহেরপুর শহরের পুরাতন বাসট্যান্ডে আলোচনা সভা ও মানববন্ধন কর্মসূচি পালন করেছে বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি),মেহেরপুর জেলা শাখা।

গতকাল শনিবার (২৫ মে) সকাল শনিবার সকাল ১০ টার সময় শহিদুল ইসলাম (গাংনী) এর সভাপতিত্বে ও শহিদুল ইসলাম কানন এর সঞ্চালনায় মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভার শুরুতে প্রথমে শোক প্রস্তাব উপস্থাপন করা হয়। এবং কমরেড আব্দুল মান্নান এর আত্মার শান্তি কামনা করে ১ মিনিট নিরবতা পালন করা হয়। পরে বক্তারা দ্রব্যমূল্যের ক্রমাগত বৃদ্ধির জন্য বর্তমান সরকারকে দায়ি করেন। এবং সরকারের সমালোচনা করেন। এবং জনগণের অধিকার প্রতিষ্ঠা করার জন্য বাম সরকার প্রতিষ্ঠার উপরে গুরুত্ব আরোপ করেন।

এসময় সেখানে আরো উপস্থিত ছিলেন কমরেড এডঃ মিজানুর রহমান, কমরেড সিদ্দিকুর রহমান সহ আরো অনেকে।

ঝিনাইদহে জ্বালানি তেল পরিবেশক ও ট্যাংকলরী মালিক সমিতির আলোচনা সভা

ঝিনাইদহে খুলনা বিভাগের জ্বালানি তেল পরিবেশক সমিতি ও ট্যাংকলরী মালিক সমিতির নেতৃবৃন্দের বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (২৫ মে) দুপুরে শহরের এইচ এস এস সড়কের জেলা জ্বালানি তেল পরিবেশক সমিতি অস্থায়ী কার্যালয়ে বাংলাদেশ জ্বালানি তেল পরিবেশক সমিতির খুলনা বিভাগীয় সাংগঠনিক সম্পাদক শরিফুল ইসলামের সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা পরিষদ চেয়ারম্যান এম হারুন অর রশিদ। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন নব-নির্বাচিত উপজেলা পরিষদ চেয়ারম্যান মিজানুর রহমান মাসুম, সদর থানার অফিসার্স ইনচার্জ শাহীন উদ্দিন, মোবারকগঞ্জ সুগার মিল সমবায় সমিতির ও কালীগঞ্জ উপজেলা শ্রমিক লীগের সভাপতি গোলাম রসুল, কালীগঞ্জ পৌরসভার সাবেক মেয়র মোস্তাফিজুর রহমান বিজু।

সেসময় বাংলাদেশ জ্বালানি তেল পরিবেশক সমিতির খুলনা বিভাগীয় কার্যকরী সভাপতি গাজী আসিফুল হক অনি, সাধারণ সম্পাদক আলহাজ্ব মোড়ল আব্দুস সোবহান, যুগ্ম সম্পাদক মামুনুর রশিদ, প্রচার

সম্পাদক হুমায়ুন কবীর, দপ্তর ও কল্যাণ সম্পাদক ইমদাদ ইবনে হাবিব, বাংলাদেশ ট্যাংকলরী ওনার্স এসোসিয়েশনের খুলনা বিভাগীয় কার্যকরী সভাপতি আলহাজ্ব এম মাহবুব আলম, সাধারণ সম্পাদক সুলতান মাহমুদ পিন্টু, যুগ্ম সম্পাদক শেখ মিজানুর রহমান মিজান, নির্বাহী সদস্য আমানত আলী সহ খুলনা বিভাগের জ্বালানি তেল পরিবেশক সমিতি ও ট্যাংকলরী মালিক সমিতির বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় বিশ্ব মা দিবসের আলোচনা সভা

কুষ্টিয়ার জেলা প্রশাসক এহেতেশাম রেজা বলেছেন, পৃথিবীর সবচেয়ে আপন হলো মা। তাই আসুন আমরা প্রতিজ্ঞাবদ্ধ হই, আমরা আমাদের কোনো আচরণে যেন মাকে কষ্ট না দিই।

আজ রবিবার (১২ মে) জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বিশ্ব মা দিবস-২০২৪ উদযাপন উপলক্ষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদফতরের যৌথভাবে এ অনুষ্ঠানের আয়োজন করে।

মায়ের প্রতি সন্তানের দায়িত্ব রয়েছে উল্লেখ করে জেলা প্রশাসক বলেন, সন্তানের সব সময় মনে রাখা উচিত, মায়ের ত্যাগের কারণেই সে আজ সে এই সুন্দর পৃথিবীতে এসেছে। যদি সে মাকে ভুলে যায়, কষ্ট দেয় বা অবহেলা করে- তাহলে সবই মিছে। সন্তানের পর্বত সমান সফলতা তখন মূল্যহীন। কিন্তু অতি দুঃখের সঙ্গে বলতে হয়, সেই মহান মায়ের প্রতি অনেক সন্তান আজকাল উদাসীন, অনেকে বেপরোয়া। এমনও শোনা যায়, সন্তান তার মাকে প্রহার করছেন, ঘর থেকে বের করে দিচ্ছেন, রাস্তায় মাকে ফেলে যাচ্ছেন, নিজে সুন্দর ঘরবাড়িতে বাস করেও মাকে রেখেছেন রান্নাঘরে।

পৃথিবীর সবচেয়ে আপন হলো মা উল্লেখ করে জেলা প্রশাসক আরও বলেন,

মা ছাড়া এ দুনিয়ায় আপন কেহ নেই, বিপদে আপদে সবার আগেই মা ছুটে আসে। তাই আসুন, আমরা প্রতিজ্ঞাবদ্ধ হই, আমরা আমাদের কোনো আচরণে যেন মাকে কষ্ট না দিই। যাদের মা এখনো বেঁচে আছেন, সেই মায়ের জন্য জীবনের সর্বোচ্চটাই করার চেষ্টা করি। মা-বাবার সেবা-যত্ন করে আল্লাহর সন্তুষ্টি ও জান্নাত অর্জন করি। আল্লাহ আমাদের সবাইর পিতা-মাতাকে ভালো রাখুন। তাদের উত্তম সেবা করার তৌফিক দান করুন।

অতিরিক্ত জেলা প্রশাসক শারমিন আক্তার,কুষ্টিয়ার অতিরিক্ত পুলিশ সুপার পলাশ কান্তি নাথ, মহিলা বিষয়ক অধিদফতরের উপপরিচলক নুরে সফুরা ফেরদৌসসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

পরে ১৬ জন মাকে আর্থিক সহায়তা প্রদান করা হয়।

গাংনীর তেঁতুলবাড়িয়াতে বিশ্ব মা দিবস উপলক্ষে আলোচনা সভা

দরিদ্র দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবার সমূহের সম্পদ সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি) কর্মসূচির আওতায় বিশ্ব মা দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর উদ্যোগে এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে রবিবার (১২ মে) সকালে গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া ইউনিয়নে সমৃদ্ধি শাখার কার্যালয়ে এ আলোচনা সভার অনুষ্ঠিত হয়।

আলোচনা সভার সভাপতিত্ব করেন তেতুলবাড়ীয়া ইউনিয়ন প্রবীণ কমিটির সভাপতি মোঃ আব্দুল লতিফ। এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পলাশীপাড়া সমাজকল্যাণ সমিতির সভাপতি জনাব মোঃ রমজান আলী।

এছাড়াও সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারী মোঃ জামিদুল ইসলাম, সমৃদ্ধি কর্মসূচির সমাজ উন্নয়ন কর্মকর্তা মোঃ রাকিবুল ইসলামসহ তেতুলবাড়ীয়া ইউনিয়নের সর্বস্তরের মায়েরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে রেড ক্রিসেন্ট দিবস উপলক্ষে আলোচনা সভা

keeping humanity alive এই প্রতিপাদ্য সামনে রেখে ৮ই মে দিবস রেড ক্রস ও রেড ক্রিসেন্ট দিবস ২০২৪ উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

আজ বুধবার সকালে মেহেরপুর জেলা পরিষদের মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর রেড ক্রিসেন্ট ইউনিটের সভাপতি আব্দুস সালামের সভাপতিত্বে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর জেলা ইউনিটের কার্যনির্বাহী সদস্য খন্দকার শামসুজ্জোহা সোহাগের সঞ্চালনায় উপস্থিত ছিলেন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর ইউনিটের সহ-সভাপতি ইয়ারুল ইসলাম, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর জেলা ইউনিটের সাধারণ সম্পাদক এডভোকেট খন্দকার একরামুল হীরা, কার্যনির্বাহী সদস্য আসকার আলী, কে এম ফজলুল করিম সহ বাংলাদেশ রেড ক্রিসেন্ট মেহেরপুর জেলা ইউনিটের সকল সদস্যরা উপস্থিত ছিলেন।

এর আগে জাতীয় পতাকা ও রেড ক্রিসেন্ট এর পতাকা উত্তোলন করা হয় এবং মেহেরপুর জেলা পরিষদ থেকে র্যালি বের হয়ে প্রধান দক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়।

মেহেরপুরে মহান মে দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভা

মেহেরপুরে মহান মে দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে “ইসলামের দৃষ্টিতে

শ্রমিকদের মর্যাদা ও অধিকার” শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

জেলা ইসলামিক ফাউন্ডেশন আয়োজিত সভা মঙ্গলবার (৩০ এপ্রিল) দুপুরে জেলা মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্রে অনুষ্ঠিত হয়।

ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীমের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার সদর কাজী নাজিম হাসান
স্বাগত বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জেলা ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড অফিসার আবু রায়হান।

এছাড়াও এসময় জেলা ইসলামিক ফাউন্ডেশনের মাস্টার ট্রেইনার মাওঃ মোঃ আঃ হামিদ,জেলা মডেল মসজিদের ইমাম মুফতী মোঃ সাদিকুর রহমান,ফিল্ড সুপারভাইজার ফিল্ড সুপারভাইজার তাওহীদুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন

“আওয়ামীলীগ ১৫ বছরে বিএনপি নেতাকর্মীদের হত্যা, নির্যাতন মিথ্যা মামলা দিয়ে ধ্বংস করতে চেয়েছে”…. সাবেক এমপি আমজাদ

মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক ও মেহেরপুর-২ আসনের সাবেক জাতীয় সংসদ সদস্য আমজাদ হোসেন বলেছেন, আওয়ামীলীগ বিগত ১৫ বছর ক্ষমতায় থেকে বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতা কর্মীদের হত্যা, নির্যাতন মামলা হামলা দিয়ে ধ্বংস করতে চেয়েছিলো। কিন্তু তারা সেটা পারেনি। আওয়ামী লীগ ২১ বছর পর ক্ষমতায় এসে বিরোধীদের দমন পিড়ন চালাচ্ছে। অথচ, বিএনপি প্রতিষ্ঠাতা জিয়াউর রহমান ৭১ স্বাধীনতার ঘোষণার মধ্য দিয়ে এদেশে স্বাধীনতা এনে দিয়েছে। সকলকে রাজনীতি করার অধিকার ফিরিয়ে দিয়েছিলো। বিএনপি হত্যার রাজনীতিতে বিশ্বাসী নয়, শান্তিতে বিশ্বাসি।

আজ বিকালে বিএনপির গাংনী উপজেলা কার্যালয়ে অনুষ্ঠিত “বেগম খালেদা জিয়ার সুস্থতা এবং ফ্যাসিবাদ পতন ও ভোটের অধিকার আদায়ের সংগ্রামে কারা নির্যাতিত সহযোদ্ধাদের সম্মানে দোয়া ও ইফতার মাহফিলের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

বাংলাদেশ জাতীয়তাবাদী কৃষকদলের গাংনী উপজেলা শাখা এই অনুষ্ঠানের আয়োজন করে।

মেহেরপুর জেলা কৃষকদলের আহবায়ক মাহাবুব আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় সাবেক এমপি আমজাদ হোসেন আরো বলেন, এই সৈরাচারী ফ্যাসিবাদ সরকারকে ক্ষমতা থেকে সরাতে বিএনপি নেতা কর্মীদের ঐক্যবদ্ধভাবে লড়াই-সংগ্রাম করতে হবে। সকল অন্যায়কে ছুড়ে ফেলে দিয়ে সমাজ ও দেশে ন্যায় প্রতিষ্ঠা করতে হবে।

তিনি বিএনপি নেতাকর্মীদের উদ্দ্যেশে আরো বলেন, বিএনপি করবেন অথচ নৌকায় ভোট দিতে যাবেন, এটা সহ্য করা হবেনা। যারা ভোট দিতে যাবেন তাদের চিহ্নিত করে রাখা হবে।

প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন জাতীয়তাবাদী কৃষকদলের কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি ইঞ্জিনিয়ার মোমিনুর রহমন। তিনি বলেন, বেগম খালেদা জিয়া একজন আপোষহীন নেত্রী। ওয়ান ইলেভেনের সময় খালেদা জিয়াকে বলেছিলেন আপনি যে দেশে যেতে চান যাওয়ার অনুমতি দেওয়া হবে। আপোষহীন নেত্রী বেগম খালেদা জিয়া সেদিন তাদের কথা শুনে যাননি। তিনি বলেছিলেন বাংলাদেশের ৫৬ হাজার বর্গমাইলের বাইরে আমার কোনো ঠিকানা নেই। এই দেশ আমার সব।

তিনি আরো বলেন, আজকে ছাত্রদলের ছেলেদের বিয়ে হচ্ছেনা, যুবদলের ছেলেদের চাকুরী হচ্ছে না। সামাজিক কোনো স্থানে যায়গা নেই। বাংলাদেশের পরিবর্তন অবসমভাবি। অচিরেই বাংলাদেশে রাজনৈতিক পরিবর্তন হবে। তাই সকল পরিবর্তনের আগে দলের ঐক্য গড়তে হবে। ঐক্য ছাড়া কোনো বিজয় আসবেনা।

এসময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, কৃষক দলের কেন্দ্রীয় কমিটির সহ-ত্রান ও পুনর্বাসন বিষয়ক সম্পাদক মো: আখতারুজ্জামান সজল, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক ফয়েজ আহমেদ, গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু প্রমুখ।

মেহেরপুর জেলা যুবদলের সদস্য সচিব মিজানুর রহমানের সঞ্চালনায়

আনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, গাংনী পৌর বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক আবুল কালাম, গাংনী উপজেলা কৃষক দলের সাধারণ সম্পাদক মখলেছুর রহমান মুকুল, যুগ্ম আহবায়ক আব্দুল গাফ্ফার, গাংনী উপজেলা কৃষক দলের যুগ্ম আহবায়ক ইউসুব আলী, গাংনী পৌর কৃষকদলের যুগ্ম সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম প্রমুখ। পরে দোয়া ও মোনাজাত করা হয়।

মেহেরপুরে ইসলামিক ফাউন্ডেশনের আলোচনা সভা

মেহেরপুরে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে পবিত্র শবে-ক্বদর এর গুরুত্ব ও তাৎপর্য” শীর্ষক আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

বৃহস্পতিবার (৩ এপ্রিল) দুপুরে জেলা মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্রে এ আলোচনা সভার আয়োজন করা হয়।

ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীমের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকারের উপ পরিচালক মোঃ শামীম হোসেন।

জেলা ইসলামী ফাউন্ডেশন আয়োজিত আলোচনা সভায় এছাড়া জেলা মডেল মসজিদ ইমাম মুফতী মোঃ সাদিকুর রহমান, ফিল্ড সুপারভাইজার ফিল্ড সুপারভাইজার তাওহীদুল ইসলাম, ফাউন্ডেশনের ফিল্ড অফিসার আবু রায়হান, ইসলামিক ফাউন্ডেশনের মাস্টার ট্রেনার মাওলানা মোঃ আব্দুল হামিদ,মোয়াজ্জেম ইসরাফিল হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।